দৈনিক ইনকিলাব

২৪/৭/২০০০
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# গণতান্ত্রিক ছাত্রঐক্যের আহবানে আজ ঢাঃ বিঃ'তে ছাত্র ধর্মঘট পরীক্ষা স্থগিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** গণতান্ত্রিক ছাত্রঐক্য আজ (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহবান করেছে। বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোকে দখলমুক্তকরণ, সন্ত্রাসীদের গ্রেফতার, অবৈধ অস্ত্র উদ্ধার ও পুলিশী হয়রানি বন্ধের দাবীতে ছাত্রঐক্য আজ এ কর্মসূচী পালন করবে। জাতীয়তাবাদী ছাত্রদল আজকের ছাত্র ধর্মঘটকে সমর্থন করেছে। ছাত্র ধর্মঘট উপলক্ষে আজ অনুষ্ঠেয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত পরীক্ষাসমূহ স্থগিত করা হয়েছে।

ছাত্র ধর্মঘট সফল করার লক্ষ্যে গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল (সোমবার) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। ডাকসু ভবনের সম্মুখে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র মৈত্রীর সভাপতি দিপংকর সাহা দীপু, ছাত্র ইউনিয়নের সভাপতি হাসান তারিক চৌধুরী সোহেল, ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক খোকন দাস। ছাত্র ধর্মঘটকে সমর্থন জানিয়ে ছাত্র ফেডারেশন গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি মোহাম্মদ ইয়াসিন, সাধারণ সম্পাদক উজ্জ্বল বালো, আবেদা গুলরুখ, ইফতেখার আইয়ুব।

**পরীক্ষা স্থগিত**

ছাত্র ধর্মঘট উপলক্ষে আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন ও কার্জন হল কেন্দ্রের নির্ধারিত পরীক্ষাসমূহ স্থগিত ঘোষণা করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। পরীক্ষার নতুন তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে। বিশ্ববিদ্যালয়ের পরিবহন বাস চলাচলও আজ বন্ধ থাকবে।